



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্প (এলডিডিপি)
প্রাণিসম্পদ অধিদপ্তর (ডিএলএস)
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫
[http://: lddp.portal.gov.bd](http://lddp.portal.gov.bd)



ছোট আকারের দুগ্ধ প্রক্রিয়াজাতকরণ ইউনিটে বড় ডেইরি খামারী, প্রডিউসার অর্গানাইজেশন এবং মিষ্টি বিক্রেতাদের জন্য
সরকারি অনুদানের পুনঃবিজ্ঞপ্তি
আবেদনের শেষ তারিখ: ২৫ জুলাই, ২০২৩খ্রি.

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের প্রাণিসম্পদ অধিদপ্তর দেশের প্রাণিসম্পদ খাতের সার্বিক উন্নয়নের লক্ষ্যে বিশ্বব্যাংকের ঋণ সহায়তায় “প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্প (এলডিডিপি)” বাস্তবায়ন করছে। প্রকল্পটি সরকারি-বেসরকারি অংশীদারিত্বের মাধ্যমে আধুনিক যন্ত্রপাতি ও বিশ্বমানের প্রযুক্তি ব্যবহার করে উন্নতমানের দুগ্ধজাত পণ্য উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণের উদ্যোগ গ্রহণ করেছে। এ লক্ষ্যে বড় দুগ্ধ খামার/Dairy Hubs/POs এবং মিষ্টি তৈরী কারখানায় ছোট আকারের দুগ্ধ প্রক্রিয়াজাতকরণ ইউনিট স্থাপনে ইচ্ছুক দুগ্ধ ব্যবসা পরিচালনাকারী/পরিচালনায় আগ্রহী প্রতিষ্ঠানের সাথে অংশীদারিত্ব প্রতিষ্ঠার মাধ্যমে ম্যাচিং গ্রান্টের আওতায় অনুদান প্রদান করা হবে। পার্বত্য অঞ্চলের তিনটি জেলা ব্যতীত দেশের ৬১টি জেলায় মোট ২৩২টি (দুইশত বত্রিশ) ছোট আকারের দুগ্ধ প্রক্রিয়াজাতকরণ ইউনিট স্থাপন/সম্প্রসারণের উদ্দেশ্যে এ সহায়তা প্রদান করা হবে।

এ লক্ষ্যে আগ্রহী প্রতিষ্ঠানের নিকট থেকে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। আবেদনপত্র দুইটি ধাপে মূল্যায়ন করা হবে। প্রথম ধাপে নির্ধারিত মানদণ্ডের ভিত্তিতে প্রাপ্ত আবেদনপত্রসমূহ মূল্যায়ন পূর্বক প্রাথমিকভাবে নির্বাচিত উদ্যোক্তাদের তথ্যাদি মাঠ পর্যায়ে সরেজমিনে যাচাই-বাছাই পূর্বক সংক্ষিপ্ত তালিকা প্রস্তুত করা হবে। দ্বিতীয় ধাপে সংক্ষিপ্ত তালিকাভুক্ত উদ্যোক্তাদেরকে ব্যবসা পরিকল্পনা প্রণয়নের সুবিধার্থে প্রশিক্ষণ দেয়া হবে এবং ব্যবসা পরিকল্পনা দাখিলের জন্য আহ্বান জানানো হবে। উক্ত প্রস্তাবের কলা-কৌশল ও যথার্থতা বিবেচনা করে চূড়ান্ত তালিকা প্রণয়ন করা হবে। নির্বাচিত প্রতিষ্ঠানকে প্রস্তাবিত মোট বাজেটের সর্বোচ্চ চল্লিশ ভাগ (৪০%) অর্থ অনধিক ২৪ লক্ষ ৯৫ হাজার টাকা (চব্বিশ লক্ষ পচাঁনব্বই হাজার টাকা) প্রকল্প থেকে অনুদান প্রদান করা হবে এবং অবশিষ্ট অর্থ উদ্যোক্তাদেরকে বহন করতে হবে।

আবেদনকারীর যোগ্যতা:

১. আবেদনকারীকে বাংলাদেশী নাগরিক হতে হবে;
২. আবেদনকারীর ব্যবসা দুগ্ধ প্রক্রিয়াজাতকরণ সংক্রান্ত হতে হবে এবং এ উৎপাদন কার্যক্রম প্রকল্পের আওতাভুক্ত এলাকায় অবস্থিত হতে হবে;
৩. আবেদনকারীকে দুগ্ধ প্রক্রিয়াজাতকরণে ন্যূনতম ০১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে;
৪. আবেদনকারীকে বৈধ ট্রেড লাইসেন্স ও টিআইএন (TIN) সার্টিফিকেট দাখিল করতে হবে;
৫. আবেদনপত্রে প্রস্তাবিত মোট বাজেটের কমপক্ষে শতকরা ষাট ভাগ (৬০%) অর্থ আবেদনকারীকে বহন করতে হবে;
৬. আবেদনকারীকে বেসরকারি উদ্যোক্তা হতে হবে। পাবলিক লিমিটেড কোম্পানি এবং স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোম্পানি আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবে না; এবং
৭. ম্যাচিং গ্রান্ট প্রাপ্তির জন্য মহিলা উদ্যোক্তাদের বিশেষভাবে উৎসাহিত করা হবে।

ছোট আকারের দুগ্ধ প্রক্রিয়াজাতকরণ ইউনিট স্থাপনে আগ্রহী প্রতিষ্ঠানকে আগামী ২৫ জুলাই, ২০২৩খ্রি. তারিখের মধ্যে এলডিডিপি'র নির্ধারিত ফরমে আবেদনপত্র নিম্নোক্ত ঠিকানায় জমা দেওয়ার জন্য অনুরোধ করা হচ্ছে। আবেদনের ফরম এবং বিস্তারিত শর্তাবলী প্রকল্পের ওয়েবপোর্টাল <http://lddp.portal.gov.bd>, প্রাণিসম্পদ অধিদপ্তরের ওয়েবসাইট www.dls.gov.bd, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ওয়েবসাইট <http://mofl.gov.bd> এবং প্রকল্প পরিচালকের দপ্তরে পাওয়া যাবে।

০৪/০৭/২০২৩
মোঃ আব্দুর রহিম

প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)
প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্প
ফোন: ০২-৫৮১৫৪৯১৩
ইমেইল: lddp@dls.gov.bd



প্রাণিসম্পদ ভবন-২ (৭ম তলা)
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক
ফার্মগেট, ঢাকা-১২১৫



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালক কার্যালয়
প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প
প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.lddp.portal.gov.bd



স্মারক নংঃ ৩৩.০১.০০০০.৮২৮.০৭.০৭৮.২২.২৭৫২

তারিখঃ ০৪/০৭/২০২৩ খ্রি.

প্রাপক :

১। সম্পাদক

আমাদের নতুন সময়

২২/এ কুনিপাড়া, তেজগাও শিল্প এলাকা

ঢাকা ১২০৮

২। সম্পাদক

বণিক বার্তা

১৩৬ তেজগাও শিল্প এলাকা


ঢাকা ১২০৮

বিষয় : REOI বিজ্ঞপ্তি পত্রিকায় প্রচার প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, “প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প (এলডিডিপি)” এর আওতায় বর্ণিত REOI বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত পত্রিকায় আদর্শ সাইজে ০১ (এক) দিন প্রকাশের জন্য অনুরোধ করা হলো। পত্রিকায় প্রকাশের পর সৌজন্য কপি প্রাপ্তি সাপেক্ষে সরকারী বিধি মোতাবেক বিল পরিশোধ করা হবে।

সংযুক্ত :

১। REOI বিজ্ঞপ্তি - ০১ (এক) কপি।


০৪/০৭/২০২৩
(মোঃ আব্দুর রহিম)

প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)
প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প
প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং : ৩৩.০১.০০০০.৮২৮.০৭.০৭৮.২২.২৭৫২

তারিখঃ ০৪/০৭/২০২৩ খ্রি.

সদয় অবগতির জন্য দরপত্র বিজ্ঞপ্তিসহ অনুলিপি প্রেরিত হলো।

১। মহা-পরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

২। সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধসহ।

৩। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা - ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধসহ।

৪। অফিস কপি।